

■■ জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১৫) মাটি দেয়ার সময় 'মিনহা খালাক্ননা-কুম... দু'আ পড়া

মাটি দেওয়ার সময় সাধারণ দু'আ হিসাবে শুধু 'বিসমিল্লাহ' বলবে।[1] এ সময় 'মিনহা খালাক্বনা-কুম'.. দু'আ পড়ার শারঈ কোন ভিত্তি নেই। তবে কবরে লাশ রাখার সময় উক্ত দু'আ পড়া সম্পর্কে মুসনাদে আহমাদে যে হাদীছ বর্ণিত হয়েছে, তা নিতান্তই যঈফ; বরং কেউ জাল বলেছেন।

(أ) عَنْ أَبِيْ أَمَامَةَ قَالَ لَمَّا وُضِعَتْ أُمُّ كُلْتُوْمٍ ابْنَةُ رَسُوْلِ اللهِ فِي الْقَبْرِ قَالَ رَسُوْلُ اللهِ (مِنْهَا خَلَقْنَاكُمْ وَفِيْهَا نُعِيْدُكُمْ وَمِنْهَا نُخْرِجُكُمْ تَارَةً أُخْرَى) قَالَ ثُمَّ لاَ أَدْرِيْ أَقَالَ بِسْمِ اللهِ وَفِيْ سَبِيْلِ اللهِ وَعَلَى مِلَّةِ رَسُوْلِ اللهِ أَمْ لاَ..

(ক) আবু উমামা (রাঃ) বলেন, রাসূল (ছাঃ)-এর কন্যা উম্মু কুলছুমকে যখন কবরে রাখা হয়, তখন রাসূল (ছাঃ) বলেছিলেন, 'মিনহা খালাক্বনা-কুম ওয়া ফীহা নুঈদুকুম ওয়া মিনহা নুখরিজুকুম তারাতান উখরা'। অতঃপর তিনি 'বিসমিল্লা-হি ওয়া ফী সাবীলিল্লা-হি ওয়া 'আলা মিল্লাতি রাসূলিল্লা-হি' বললেন কি-না আমি জানি না।[2]

তাহকীক : উক্ত বর্ণনা যঈফ কিংবা জাল। এর সনদে আলী ইবনু যায়েদ ইবনু জুদ'আন ও উবায়দুল্লাহ বিন যাহর নামে দুইজন পরিত্যক্ত রাবী আছে।[3]

(ب) عَنْ سَعِيْدِ بْنِ الْمُسَيَّبِ قَالَ حَضَرْتُ ابْنَ عُمَرَ فِيْ جِنَازَةٍ فَلَمَّا وَضَعَهَا فِي اللَّحْدِ قَالَ بِسْمِ اللهِ وَفِيْ سَبِيْلِ اللهِ وَعَلَى مِلَّةٍ رَسُوْلِ اللهِ فَلَمَّا أُخِذَ فِيْ تَسْوِيَةِ اللَّبِنِ عَلَى اللَّحْدِ قَالَ اللَّهُمَّ أَجِرْهَا مِنَ الشَّيْطَانِ وَمِنْ عَذَابِ الْقَبْرِ اللّهُمَّ جَافِ الأَرْضَ عَنْ جَنْبَيْهَا وَصَعِّدْ رُوْحَهَا وَلَقِّهَا مِنْكَ رِضْوَانًا قُلْتُ يَا ابْنَ عُمَرَ أَشَىٰءٌ سَمِعْتَهُ مِنْ رَسُوْلِ اللهِ أَمْ قُلْتَهُ بِرَأْيِكَ قَالَ إِنِّيْ إِذًا لَقَادِرٌ عَلَى الْقَوْلِ بَلْ شَيْءٌ سَمِعْتُهُ مِنْ رَسُوْلِ اللهِ .

(খ) সাঈদ ইবনু মুসাইয়াব (রাঃ) বলেন, আমি একদা ইবনু ওমর (রাঃ)-এর সাথে এক জানাযায় উপস্থিত হয়েছিলাম। যখন জানাযাকে লাহাদে রাখা হল তখন তিনি বললেন, 'বিসমিল্লা-হি ওয়া ফী সাবীলিল্লা-হি ওয়া 'আলা মিল্লাতি রাসূলিল্লা-হি'। অতঃপর যখন লাহাদে ইট দেয়া শুরু হল তখন তিনি বললেন, 'আল্লাহুম্মা আজিরহা মিনাশ শায়ত্ব-নির রজীম ওয়া মিন আযাবিল কবরি। আল্লা-হুম্মা জাফিল আরযা আন জানবাইহা ওয়া ছাই'য়িদ রূহাহা ওয়া লাক্কিহা মিনকা রিযওয়ানা'। আমি বললাম, হে ইবনু ওমর (রাঃ)! আপনি কি এটা রাসূল (ছাঃ) থেকে শুনেছেন না নিজে থেকেই বললেন? তিনি বললেন, আমি কি কোন কথা বলার সাধ্য রাখি? বরং আমি এটি রাসূল (ছাঃ)-এর কাছে শুনেছি। [4]

তাহকীক: বর্ণনাটি যঈফ। এর সনদে হাম্মাদ ইবনু আব্দুর রহমান নামে প্রসিদ্ধ যঈফ রাবী আছে।[5] জ্ঞাতব্য: প্রচলিত আছে যে, প্রথম মুষ্টিতে বলতে হবে 'মিনহা খালাকনা-কুম' দ্বিতীয় মুষ্টিতে বলতে হবে 'ওয়া ফীহা নুঈদুকুম' এবং তৃতীয় মুষ্টিতে বলতে হবে 'ওয়া মিনহা নুখরিজুকুম তারাতান উখরা'। উক্ত দাবীর পক্ষে কোন দলীল নেই।



ফুটনোট

- [1]. মুসলিম হা/৮৫২; মিশকাত হা/৪৫৬; বুখারী হা/৫৬২৩; মুসলিম হা/৫৩৬৬; মিশকাত হা/৪২৯৪।
- [2]. মুসনাদে আহমাদ হা/২২২৪১।
- [3]. আহমাদ ৫/২৫৪; তাক্করীবুত তাহ্যীব, পৃঃ ৪০১; ডঃ আব্দুল করীম বিন আব্দুল্লাহ আল-খা্যীর, আল-হাদীছুয যঈফ ওয়া হুকমুল ইহতিজাজি বিহী (রিয়াযঃ দারুল মুসলিম, ১৯৯৭/১৪১৭), পৃঃ ২৮৩-৮৪।
- [4]. ইবনে মাজাহ হা/১৫৫৩, পৃঃ ১১১, 'জানাযা' অধ্যায়, অনুচ্ছেদ-৩৮।
- [5]. যঈফ ইবনে মাজাহ হা/১৫৫৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2013

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন